

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭৫৬

আগরতলা, ১ ফেব্রুয়ারি, ২০২৪

৩৪তম শিল্প ও বাণিজ্য মেলা

প্রথম ৬ দিনে ৮২ লক্ষ ২৯ হাজার টাকার পণ্যসামগ্রী বিক্রয়

৩৪তম শিল্প ও বাণিজ্য মেলার ষষ্ঠ দিনে অর্থাৎ ৩০ জানুয়ারি মোট ১৫ লক্ষ ৩০ হাজার টাকার পণ্যসামগ্রী বিক্রি হয়েছে। তাছাড়া মেলার প্রথম ৬ দিনে মোট বিক্রি হয়েছে ৮২ লক্ষ ২৯ হাজার টাকা। উল্লেখ্য, শিল্প ও বাণিজ্য দপ্তরের উদ্যোগে গত ২৫ জানুয়ারি থেকে শুরু হয়েছে ১৮ দিনব্যাপী ৩৪তম শিল্প ও বাণিজ্য মেলা। এবারের মেলায় মোট ৫০৩টি স্টল খোলা হয়েছে।
